রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ১৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১২ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ২৯৩-আইন/২০২৬।**—সরকার, পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ১৩ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই নির্দেশিকা প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত উৎপাদনকারীর সম্প্রসারিত দায়িত্ব বিষয়ক নির্দেশিকা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই নির্দেশিকা নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে প্রযোজ্য হইবে, যথা:—

(ক) বাংলাদেশে উৎপাদিত বা ব্যবহৃত পুনঃচক্রায়নযোগ্য ও পুনঃচক্রায়নযোগ্য নহে এইরূপ সকল প্লাস্টিক পণ্য প্রস্তুতকালীন ও ভোক্তা কর্তৃক ব্যবহার করিবার পর উহা হইতে সৃষ্ট সকল প্লাস্টিক বর্জ্যের ক্ষেত্রে;

(খ) অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত তালিকাভুক্ত প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক, আমদানিকারক বা ব্র্যান্ড মালিকগণের ক্ষেত্রে;

(গ) সরকার কর্তৃক নিষিদ্ধ নহে এরূপ তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিকের (SUPs) ব্যবস্থাপনা, প্রক্রিয়াকরণ ও পরিত্যাজনের ক্ষেত্রে:

তবে শর্ত থাকে যে, এই নির্দেশিকা রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠানসমূহ, বিশেষ করিয়া যাহারা রপ্তানি আদেশের ভিত্তিতে পণ্য উৎপাদন করিয়া থাকে উহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৩) এই নির্দেশিকা অবিলম্বে কার্যকর হইবে।


**মূল্য :** টাকা ৪০·০০

২। সংজ্ঞা।—**(ক) বিষয় ও প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায়—**

(১) **"অবলাইজড এনটিটি" বা "তালিকাভুক্ত প্রতিষ্ঠান"** অর্থ বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পপ্রতিষ্ঠান, আমদানিকারক, পণ্য প্রস্তুতকারক, ব্র্যান্ড মালিক, অনলাইন প্ল্যাটফর্ম, সুপারমার্কেট/রিটেইল চেইন, এবং পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠান যাহারা তালিকাভুক্ত প্লাস্টিক পণ্যের ব্যবসায় সম্পৃক্ত রয়েছে;

(২) **"অ-প্রাতিষ্ঠানিক পুনঃচক্রায়নকারী"** অর্থ ব্যক্তি বা গোষ্ঠী যাহারা সরকারিভাবে স্বীকৃত বা অনুমোদনপ্রাপ্ত নহে, তবে পুনঃচক্রায়নযোগ্য উপকরণ সংগ্রহ, বাছাই ও পুনঃপ্রক্রিয়াকরণে নিয়োজিত;

(৩) **"অনুমোদিত পুনচক্রায়নকারী"** অর্থ সরকার কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত এবং প্লাস্টিক বর্জ্য পুনঃচক্রায়ন/ রিসাইক্লিং ও ব্যবস্থাপনায় নিয়োজিত প্রতিষ্ঠান বা সংস্থা;

(৪) **"অন্যান্য প্রতিষ্ঠান"** অর্থ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০২১ অনুযায়ী, দোকান, রেস্তোরাঁ, হোটেল, মার্কেট, কমিউনিটি সেন্টার, ফুটপাথ বিক্রেতা এবং অন্যান্য আবাসিক, বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠান;

(৫) **"আইন"** অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);

(৬) **"আমদানিকারক"** অর্থ এমন ব্যক্তি বা সংস্থা যাহারা পণ্য আমদানি করিতে ইচ্ছুক এবং যাহাদের বৈধ আমদানি নিবন্ধন সনদ রহিয়াছে;

(৭) **"ইপিআর প্রকল্প তহবিল"** অর্থ এই নির্দেশিকার অনুচ্ছেদ ১২ এ বর্ণিত ইপিআর প্রকল্প তহবিল;

(৮) **"উৎপাদনকারীর সম্প্রসারিত দায়িত্ব (ইপিআর)"** অর্থ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধি ২(৪) এ সংজ্ঞায়িত উৎপাদনকারীর সম্প্রসারিত দায়িত্ব (EPR);

(৯) **"কঠিন বর্জ্য"** অর্থ কঠিন বর্জ্য বিধিমালা, ২০২১ এর তফসিলে উল্লিখিত বর্জ্যসহ সকল বাতিল, অবাঞ্ছিত, পরিত্যক্ত, উদ্বৃত্ত বস্তু, সামগ্রী বা উপাদান যাহা ঝুঁকিপূর্ণ বা ঝুঁকিমুক্ত উভয় প্রকার বর্জ্য;

(১০) **"কর্মপরিকল্পনা"** অর্থ এই নির্দেশিকার পরিশিষ্ট-খ অনুসারে প্রতি বৎসর আবলাইজড এনটিটি কর্তৃক গৃহীত কার্যক্রম;

(১১) **"ক্ষুদ্র শিল্পপ্রতিষ্ঠান"** অর্থ যেইসকল প্রতিষ্ঠান পরিষেবা ও ব্যবসায়িক খাতে স্থায়ী সম্পদ (জমি ও ভবন ব্যতীত) ৫০ (পঞ্চাশ) হাজার টাকা থেকে ৫০ (পঞ্চাশ) লাখ টাকা পর্যন্ত এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) জন কর্মী নিয়োজিত রাখে এবং যেইসকল প্রতিষ্ঠান শিল্প খাতে স্থায়ী সম্পদ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা থেকে ১৫ (পনের) কোটি টাকা পর্যন্ত এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন কর্মী নিয়োজিত রাখে;

(১২) **"গ্রুপ পিআরও"** অর্থ এমন কোনো প্রতিষ্ঠান যাহাকে অনেকগুলো অবলাইজড এনটিটি সম্মিলিত ভাবে গঠন করে অথবা নিয়োগ দেয় এবং যাহা এককভাবে একটি গ্রুপ হিসাবে গঠনকারী বা নিয়োগকারী সকল অবলাইজড এনটিটির দায়ভার গ্রহণ করে এবং ইপিআর কার্যক্রম পরিচালনা করে;

(১৩) **"ডেপোজিট রিফান্ড স্কিম"** অর্থ এমন একটি ব্যবস্থা যাহাতে নির্ধারিত সংগ্রহকেন্দ্রে নির্দিষ্ট প্লাস্টিক পণ্য ফেরত দেওয়ার বিনিময়ে ভোক্তা অথবা বর্জ্য ফেরত প্রদানকারীকে নির্দিষ্ট পরিমাণ অর্থ ফেরত প্রদান করা হয়;

(১৪) **"তালিকাভুক্ত প্লাস্টিক" বা "অবলিগেটেড প্লাস্টিক"** অর্থ এই নির্দেশিকার অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত পণ্যসমূহ;

(১৫) **"প্রস্তুতকারক"** অর্থ যেইসকল প্রতিষ্ঠান বা ব্যক্তি প্লাস্টিক কাঁচামাল, বহুস্তরীয় প্যাকেজিং, প্লাস্টিক পণ্য বা অনুরূপ সামগ্রী উৎপাদন বা আমদানি করিয়া থাকে এবং প্লাস্টিক পণ্য উৎপাদনকারী, অন্যান্য পণ্যের প্লাস্টিক প্যাকেজিং বা মোড়কীকরণের জন্য নিয়োজিত;

(১৬) **"পুনরুদ্ধার"** অর্থ পণ্য সামগ্রীর পুনঃব্যবহার, পুনঃচক্রায়ন, পুনঃপ্রক্রিয়াকরণ এবং শক্তি পুনরুদ্ধারের মাধ্যমে সম্পদের দক্ষ ও টেকসই ব্যবহার, যেমন: প্লাস্টিক বর্জ্য হইতে Pyrolysis পদ্ধতিতে জ্বালানি তেল উৎপাদন করা, মিশ্র বর্জ্য হইতে বিদ্যুৎ উৎপাদন, ইত্যাদি;

(১৭) **"পুনঃচক্রায়ন"** অর্থ বর্জ্যের পৃথককৃত অপচনশীল অংশ বা অংশবিশেষকে পুনরায় ব্যবহারের লক্ষ্যে নূতন দ্রব্য হিসাবে রূপান্তর করা এবং পণ্যের বর্জ্যের আপ-সাইক্লিং এবং ডাউন-সাইক্লিং ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৮) **"পরিশিষ্ট"** অর্থ এই নির্দেশিকার কোনো পরিশিষ্ট;

(১৯) **"প্রোডিউসার রেসপনসিবিলিটি অর্গানাইজেশন (পিআরও)"** অর্থ কোনো সংস্থা (সিঙ্গেল বা গ্রুপ) যাহা অবলাইজড এনটিটি'র পক্ষে ইপিআর উদ্যোগের যথাযথ ব্যবস্থাপনা ও বাস্তবায়নের দায়িত্ব পালন করে;

(২০) **"বর্জ্য"** অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ধারা ২(ঠ) এ সংজ্ঞায়িত বর্জ্য;

(২১) **"ব্র্যান্ড মালিক"** অর্থ এমন ব্যক্তি বা কোম্পানি, যাহা নিবন্ধিত ব্র্যান্ড নামে পণ্য বিক্রি করে;

(২২) **"বৃহৎ শিল্পপ্রতিষ্ঠান"** অর্থ যেইসকল প্রতিষ্ঠান উৎপাদন, শিল্প, পরিষেবা ও ব্যবসায়িক খাতে মাঝারি শিল্পপ্রতিষ্ঠানের চাইতে অধিক স্থায়ী সম্পদ ও শ্রমশক্তি নিয়োজিত রাখে;

(২৩) **"মাঝারি শিল্পপ্রতিষ্ঠান"** অর্থ যেইসকল প্রতিষ্ঠান পাবলিক লিমিটেড কোম্পানি নয় এবং পরিষেবা ও ব্যবসা খাতে স্থায়ী সম্পদ (জমি ও ভবন ব্যতীত) ৫০ লাখ থেকে ১০ কোটি টাকা পর্যন্ত এবং অনূর্ধ্ব ৫০ জন কর্মী নিয়োজিত রাখে এবং যেইসকল প্রতিষ্ঠান শিল্প খাতে স্থায়ী সম্পদ ১.৫ কোটি থেকে ২০ কোটি টাকা পর্যন্ত এবং সর্বোচ্চ ১৫০ জন কর্মী নিয়োজিত রাখে;

(২৪) **"সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)"** অর্থ যেকোনো ধরনের প্লাস্টিক বা প্লাস্টিকযুক্ত ব্যাগ, শপিং ব্যাগ, টোট ব্যাগ, মোড়ক, বা অন্যান্য ধারক, যাহা সাধারণত একবার ব্যবহারের পর পুনরায় ব্যবহার বা পুনঃচক্রায়ন করা হয় না;

(২৫) **"সিঙ্গেল পিআরও"** অর্থ কোনো অবলাইজড এনটিটি যখন তাহার নিজস্ব পণ্য ব্যবস্থাপনার দায়িত্ব নিজে গ্রহণ করে;

(খ) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেইসকল শব্দ বা অভিব্যক্তি আইনে এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **প্লাস্টিক পণ্যের শ্রেণিবিন্যাস।**—এই নির্দেশিকার উদ্দেশ্য পূরণকল্পে, প্লাস্টিক পণ্যসমূহকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা হইবে, যথা:—

**শ্রেণী ১:** **কঠিন প্লাস্টিক (rigid plastic),** যথা- প্লাস্টিক বোতল (যেমন: পানির বোতল, সোডার বোতল), প্লাস্টিকের কৌটা, খাদ্য সংরক্ষণের কৌটা, ডিমের ট্রে, একবার ব্যবহারযোগ্য কাটলারি, পিভিসি পাইপ ক্যাপ, ঢাকনা ইত্যাদি;

**শ্রেণী ২:** **নমনীয় প্লাস্টিক (flexible plastic)**, যথা- প্লাস্টিক ফিল্ম, প্লাস্টিক মোড়ক, মিনিপ্যাক, ল্যামিনেটস, বহুস্তর বিশিষ্ট প্লাস্টিক ও অন্যান্য উপাদানের সহিত ব্যবহৃত বহুস্তর বিশিষ্ট প্লাস্টিক ইত্যাদি;

**শ্রেণী ৩:** **স্টাইরোফোম (styrofoam) ও এক্সপান্ডেড পলিস্টেরিন (EPS) পণ্য**, যথা- কাপ, কন্টেইনার, ডিমের কার্টন, ব্যবহারের পরে পরিত্যাজ্য কাটলারি (যেমন: চামচ, কাঁটাচামচ, ছুরি), ইত্যাদি;

**শ্রেণী ৪:** **সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত নহে এমন সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)**, যাহা শ্রেণি ১, শ্রেণি ২ বা শ্রেণি ৩ এর অন্তর্ভুক্ত নহে;

**শ্রেণী ৫:** **অন্যান্য**, যথা- স্যানিটারি ন্যাপকিন, ডায়াপার, সিগারেট ফিল্টার, পোশাকের প্যাডিং, ফোম, মাছ ধরার জাল, অক্সো-ডিগ্রেডেবল প্লাস্টিক, ইত্যাদি।

৪। **অবলাইজড এনটিটি'র তালিকা।**—(১) পরিবেশ অধিদপ্তর প্লাস্টিক আমদানিকারক, প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক, ব্র্যান্ড মালিক ও খুচরা বিক্রেতাদের তালিকা প্রস্তুত করিবে যাহারা অবলাইজড এনটিটি নামে অভিহিত হইবে।

(২) এই নির্দেশিকা জারির পর প্রথম ও দ্বিতীয় বৎসরে বৃহৎ শিল্প প্রতিষ্ঠান, তৃতীয় ও চতুর্থ বৎসরে মাঝারি শিল্প প্রতিষ্ঠান এবং পঞ্চম বৎসরে ক্ষুদ্র শিল্পপ্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্ত করা হইবে এবং উহা নিয়মিত হালনাগাদ করা হইবে।

(৩) তালিকা প্রস্তুতির ক্ষেত্রে, প্রয়োজনে পরিবেশ অধিদপ্তর যেকোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৪) ক্ষুদ্র ও মাঝারি শিল্পপ্রতিষ্ঠানসমূহ তালিকাভুক্তিকরণের ক্ষেত্রে প্রযোজ্য মানদণ্ড হিসাবে তাহাদের উৎপাদনের পরিমাণ, বার্ষিক লেনদেন এবং বার্ষিক আমদানি বিবেচনা করা হইবে।

**৫। অবলাইজড এনটিটি'র নিবন্ধন ও নবায়ন।**—(১) অবলাইজড এনটিটিসমূহকে অনুচ্ছেদ ৪ এর আওতায় তালিকাভুক্ত হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধিত হইতে হইবে এবং তালিকা বহির্ভূত অথবা নতুন অবলাইজড এনটিটিসমূহকে ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধিত হইতে হইবে।

(২) এই নির্দেশিকার অধীন অবলাইজড এনটিটি'কে নিবন্ধনের জন্য সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত ফি পরিশোধপূর্বক **পরিশিষ্ট-ক** অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে আবেদন দাখিল করিতে হইবে এবং আবেদনের সহিত **পরিশিষ্ট-খ** অনুযায়ী কর্মপরিকল্পনা দাখিল করিতে হইবে।

(৩) আবেদন যথাযথ বিবেচিত হইলে পরিবেশ অধিদপ্তর উক্ত আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট অবলাইজড এনটিটি'কে নিবন্ধন প্রদান করিবে।

(৪) আবেদনটি যথাযথ বিবেচিত না হইলে, পরিবেশ অধিদপ্তর কারণ উল্লেখপূর্বক উহা বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্ত সিদ্ধান্তের বিষয়ে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে এবং আবেদনকারী উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আইন অনুযায়ী আপিল করিতে পারিবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৩) অনুযায়ী প্রদত্ত নিবন্ধনের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর এবং মেয়াদ উত্তীর্ণ হইবার কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য **পরিশিষ্ট-গ** অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে।

৬। **অবলাইজড এনটিটিসমূহের দায়িত্ব ও কর্তব্য।**—অবলাইজড এনটিটিসমূহ—

(ক) নির্দেশিকা মোতাবেক ইপিআর লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে;

(খ) ইপিআর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধি ৯(৫) অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও পিআরওসমূহের সহিত যৌথভাবে কর্মসূচি গ্রহণ এবং এনজিও, সিবিওসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহিত সমন্বয়ে কার্যক্রম পরিচালনা করিবে;

(গ) বর্জ্য সংগ্রহ, পৃথকীকরণ সুবিধা ও প্রয়োজনীয় অবকাঠামো স্থাপনের জন্য যথাযথ তহবিল বরাদ্দ করিবে;

(ঘ) বর্জ্য পুনঃচক্রায়নের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী পরিবেশবান্ধব প্রযুক্তি গ্রহণ করিবে;

(ঙ) অবলিগেটেড প্লাস্টিক পণ্যের পুনঃব্যবহারযোগ্য বিকল্প পণ্য তৈরি করিবার ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে;

(চ) জনসাধারণকে প্লাস্টিক বর্জ্যের ক্ষতিকর দিকসহ পরিবেশসম্মত বর্জ্য ব্যবস্থাপনা, বিকল্প পণ্য ব্যবহার প্রভৃতি বিষয়ে অবহিত করিবার নিমিত্ত জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করিবে;

(ছ) ইপিআর লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কাজের স্বচ্ছতা নিশ্চিত করিবে, বিশেষত পিআরওসমূহের কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত করিবে এবং স্বচ্ছতা নিশ্চিত করিবার স্বার্থে ইপিআর কার্যক্রমের শুরু হইতে ৫ (পাঁচ) বছরের তথ্য সংরক্ষণ করিবে;

(জ) পিআরওসমূহের সহিত ইপিআর সংক্রান্ত সকল আর্থিক লেনদেনের স্বচ্ছতা নিশ্চিত করিবার জন্য নিবন্ধিত ও অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে লেনদেন সম্পন্ন করিবে এবং উহার প্রমাণাদি সংরক্ষণ করিবে।

৭। **পিআরও তালিকাভুক্তি।**—(১) পিআরওসমূহ এই নির্দেশিকা জারির ৪ (চার) মাস পর হইতে পরিবেশ অধিদপ্তরে আবেদন করিয়া তালিকাভুক্ত হইতে পারিবে এবং এই তালিকাভুক্তি ২ (দুই) বৎসরের জন্য বহাল থাকিবে।

(২) পিআরও হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদনকারীকে **পরিশিষ্ট-ঘ** অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে আবেদন দাখিল করিতে হইবে।

(৩) পিআরও তালিকাভুক্ত হওয়ার জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও সামর্থ্য থাকিতে হইবে, যথা:—

(ক) বর্জ্য সংগ্রহ, সংরক্ষণ, বাছাই, পুনঃচক্রায়ন এবং পরিত্যাজন করিবার নির্দিষ্ট যোগ্যতা ও সক্ষমতা;

(খ) পণ্য প্রস্তুতকারক, ব্র্যান্ড মালিক ও আমদানিকারকদের নির্ধারিত সংগ্রহ লক্ষ্যমাত্রা পূরণের জন্য কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা চ্যানেল পরিচালনার অভিজ্ঞতা;

(গ) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম, প্রচারাভিযান বা কার্যক্রম পরিচালনার সামর্থ্য;

(ঘ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক ডাটাবেজ পরিচালনার সক্ষমতা;

(ঙ) প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহিতা কাঠামো;

(চ) বর্জ্য সংগ্রহ ও পুনঃচক্রায়নের তথ্য স্বাধীনভাবে যাচাইয়ের ব্যবস্থা।

(৪) আবেদন প্রাপ্তির পর পরিবেশ অধিদপ্তর উক্ত আবেদন যাচাই-বাছাই ও মাঠপর্যায়ের পরিদর্শন সম্পন্ন করিবে এবং দাখিলকৃত আবেদন ও তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হইলে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদন মঞ্জুর করিবে এবং পিআরও হিসাবে তালিকাভুক্ত করিবে।

(৫) দাখিলকৃত আবেদন ও তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হইলে উহা বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং  কারণ উল্লেখপূর্বক উক্ত সিদ্ধান্তের বিষয়ে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী তালিকাভুক্তির মেয়াদ হইবে প্রদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর এবং তালিকাভুক্তির মেয়াদ উত্তীর্ণ হইবার কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য **পরিশিষ্ট-ঙ** অনুযায়ী পরিবেশ অধিদপ্তরে আবেদন দাখিল করিতে হইবে।

(৭) যদি কোনো অবলাইজড এনটিটি নিজেই পিআরও হিসাবে কাজ করিতে চায়, তবে তাহাকে পৃথকভাবে ভিন্ন সংস্থার নামে পিআরও হিসাবে তালিকাভুক্ত হইতে হইবে।

৮। **পিআরওসমূহের দায়িত্ব ও কর্তব্য**।—পিআরওসমূহ—

(ক) প্রতিটি অবলাইজড এনটিটি কর্তৃক উৎপাদিত পণ্য ও প্যাকেজিংয়ের পরিমাণ সম্পর্কে যথাযথভাবে অবগত থাকিবে এবং তাহাদের কর্মপরিকল্পনা তৈরি করিবে;

(খ) বর্জ্য সংগ্রহ, পুনঃচক্রায়ন, পরিত্যাজন ও প্রতিবেদন প্রস্তুতির দায়িত্ব পালন করিবে;

(গ) অবলাইজড এনটিটিসমূহের পক্ষে সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের সহিত প্রয়োজনীয় সমন্বয় সাধন করিবে;

(ঘ) অবলাইজড এনটিটি কর্তৃক প্রদত্ত তহবিল ব্যবহার করিয়া কর্মপরিকল্পনা বাস্তবায়ন করিবে, যাহার মধ্যে উপকূলীয় পরিচ্ছন্নতা অভিযান, বর্জ্য পুনঃক্রয়, পুনরুদ্ধারকৃত বর্জ্যকে পুনঃচক্রায়নের জন্য পুনঃচক্রায়নের কেন্দ্র প্রতিষ্ঠানসমূহে পরিবহন করা, বৃহৎ পুনঃচক্রায়ন কেন্দ্র প্রতিষ্ঠা, থারমাল ট্রিটমেন্ট সাইট স্থাপন, অ-অনুমোদিত বর্জ্য সংগ্রাহকদের সুসংগঠিত করা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সহিত যৌথ উদ্যোগ অন্তর্ভুক্ত থাকিবে;

(ঙ) বর্জ্য পুনঃচক্রায়নের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ছাড়পত্রপ্রাপ্ত বর্জ্য পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠানসমূহকে নিয়োগ করিবে;

(চ) এনজিও ও সিবিওসমূহের সমন্বয়ে কাজ করিতে পারিবে এবং বর্জ্য সংগ্রহ কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তালিকাভুক্ত অ-প্রাতিষ্ঠানিক বর্জ্য সংগ্রাহক ও প্রক্রিয়াকরণকারীদের সম্পৃক্ত করিবার উদ্যোগ গ্রহণ করিবে;

(ছ) তাহাদের নিয়োগকারী অবলাইজড এনটিটিসমূহ কর্তৃক সরবরাহকৃত বাণিজ্যিকভাবে সংবেদনশীল তথ্যের গোপনীয়তা রক্ষা করিবে।

৯। **তথ্যভান্ডার তৈরি ও রক্ষণাবেক্ষণ।**—(১) পরিবেশ অধিদপ্তর, এই নির্দেশিকার আওতায় অবলাইজড এনটিটি ও পিআরওসমূহের তালিকাভুক্তি, নিবন্ধন ও প্রতিবেদন দাখিল প্রক্রিয়া অটোমেশনের জন্য অনলাইন ডিজিটাল পোর্টাল চালু করিতে পারিবে।

(২) পরিবেশ অধিদপ্তর অনলাইন তথ্যভান্ডার প্রস্তুত করিয়া অবলাইজড এনটিটিসমূহ এবং পিআরওসমূহের তথ্য, অবলাইজড এনটিটিসমূহের বার্ষিক মোট উৎপাদন ক্ষমতা, পুনরুদ্ধার ক্ষমতা, পুনরুদ্ধার পরিমাণ ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সংরক্ষণের জন্য একটি অনলাইন তথ্যভান্ডার তৈরি করিতে পারিবে।

১০। **প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ ও বাস্তবায়ন।**—(১) এই নির্দেশিকা কার্যকর হইবার পর প্রথম ২ (দুই) বৎসরে তালিকাভুক্ত প্লাস্টিক পণ্যের বর্জ্যের জন্য অবলাইজড এনটিটিসমূহ ন্যূনতম নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সংগ্রহ ও পুনঃচক্রায়ন হার অর্জন করিবে:

| সময় | সংগ্রহের ন্যূনতম লক্ষ্যমাত্রা (%) | পুনঃ চক্রায়নের ন্যূনতম লক্ষ্যমাত্রা (%) |
|---|---|---|
| ১ম-২য় বৎসর | ১৫ | ৭.৫ |
| ৩য়-৫ম বৎসর | ৩০ | ১৫ |

তবে শর্ত থাকে যে, অর্জিত হার নির্ধারণের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত বর্জ্য উক্ত হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, প্লাস্টিক বর্জ্যের প্রত্যেক নির্ধারিত শ্রেণি হইতে বর্জ্য সংগ্রহ সাপেক্ষে নির্ধারিত ন্যূনতম লক্ষ্যমাত্রা পূরণ করিতে হইবে।

(২) কোনো অবলাইজড এনটিটি তাহার নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত সংগৃহীত বর্জ্য সরকার কর্তৃক অনুমোদিত পদ্ধতি অনুসরণ করিয়া প্লাস্টিক ক্রেডিট হিসাবে পরবর্তী ২ (দুই) অর্থবৎসরের মধ্যে সরকার কর্তৃক অনুমোদিত পদ্ধতি অনুসরণ করিয়া অন্য কোনো অবলাইজড এনটিটি'র নিকট অথবা আন্তর্জাতিক বাজারে বিক্রয় করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোনো অবলাইজড এনটিটি যদি তাহার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার কমপক্ষে দুই-তৃতীয়াংশ অর্জন করে, তাহা হইলে অবশিষ্ট লক্ষ্যমাত্রা পূরণের জন্য অন্য কোনো অবলাইজড এনটিটির নিকট হইতে একই শ্রেণির বর্জ্য প্রকৃত প্লাস্টিক ক্রেডিট গ্রহণ করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রত্যেক অবলাইজড এনটিটিসমূহকে তাহার অবলিগেটেড প্লাস্টিক পণ্যের প্রত্যেক শ্রেণি হইতে সমহারভিত্তিকভাবে বর্জ্য সংগ্রহ ও পুনঃচক্রায়ন সম্পন্ন করিতে হইবে।

(৪) এই নির্দেশিকা কার্যকর হইবার প্রথম ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতার আলোকে সরকার অংশীজনদের সহিত আলোচনা করিয়া তালিকাভুক্ত প্লাস্টিক পণ্যের বর্জ্যের নূতন সংগ্রহ ও পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করিবে যাহা সকল অবলাইজড এনটিটিসমূহের জন্য বাধ্যতামূলক হইবে।

(৫) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অবলাইজড এনটিটি ডেপোজিট রিফান্ড স্কিম, বাই ব্যাক-টেক ব্যাক স্কিম-সহ অন্যান্য স্কিম গ্রহণ করিতে পারিবে এবং উক্ত স্কিমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে পরিবেশক ও খুচরা বিক্রেতাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

(৬) অবলাইজড এনটিটিসমূহ তাহাদের পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রার অতিরিক্ত সংগৃহীত প্লাস্টিক বর্জ্য পরিবেশবান্ধব পদ্ধতিতে পরিত্যাজনের ব্যবস্থা করিবে।

(৭) পরিবেশ অধিদপ্তরের সুপারিশ সাপেক্ষে সরকার পুনরুদ্ধার এবং সংগ্রহ ও পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা অর্জনকারী অবলাইজড এনটিটিসমূহকে স্বীকৃতি প্রদান এবং প্রয়োজনীয় অ-আর্থিক প্রণোদনা প্রদান করিতে পারিবে এবং এই নির্দেশিকার বাস্তবায়ন উৎসাহিত করিবার লক্ষ্যে সরকার পুনঃচক্রায়ন সংক্রান্ত বিভিন্ন প্রণোদনামূলক উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।

১১। **কর্মপরিকল্পনা অনুমোদন ও বাস্তবায়ন।**—(১) ভোগপূর্ব (প্রি-কনজিউমার) ও ভোগ পরবর্তী (পোস্ট-কনজিউমার) প্লাস্টিক বর্জ্যের ক্ষেত্রে প্রতিটি অবলাইজড এনটিটি **পরিশিষ্ট-খ** অনুযায়ী কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে।

(২) পরিবেশ অধিদপ্তর কর্মপরিকল্পনা পর্যালোচনান্তে কর্মপরিকল্পনা অনুমোদন করিবে এবং উহার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, তদারকি করিয়া প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

(৩) পরিবেশ অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে, কর্মপরিকল্পনা পরিবর্তন করা যাইবে।

**১২। ইপিআর প্রকল্প তহবিল।**—(১) অবলাইজড এনটিটিসমূহ তাহাদের নিজ নিজ পিআরও এর সহযোগে বিস্তারিত প্রস্তাবনা চূড়ান্ত করিয়া ইপিআর প্রকল্প তহবিল নির্ধারণ করিবে এবং **পরিশিষ্ট-চ** অনুযায়ী উহা কর্মপরিকল্পনায় উল্লেখ করিবে।

(২) পিআরও অথবা গ্রুপ পিআরওসমূহ ইপিআর প্রকল্প তহবিল সংগ্রহ ও ব্যবস্থাপনা করিবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে উক্ত তহবিলের নিরীক্ষা প্রতিবেদন ও আর্থিক তথ্য প্রকাশ নিশ্চিত করিবে।

**১৩। প্রতিবেদন প্রদান।**—(১) পিআরওসমূহ **পরিশিষ্ট-ছ** অনুযায়ী প্রতি অর্থ বৎসরের তালিকাভুক্ত প্লাস্টিক বর্জ্যের সংগ্রহ, বাছাই, পুনঃচক্রায়ন ও পরিত্যাজন সংক্রান্ত তথ্য সমন্বিত প্রতিবেদন অবলাইজড এনটিটিসমূহের নিকট অর্থবৎসরের জুলাই মাসের মধ্যে দাখিল করিবে।

(২) অবলাইজড এনটিটিসমূহ প্রতি অর্থবৎসরের আগস্ট মাসের মধ্যে পরিবেশ অধিদপ্তরে সেই বৎসরে স্থানীয় বাজারে তাহাদের বিতরণকৃত পণ্য ও প্যাকেজিংয়ের পরিমাণ, সংগ্রহ এবং পুনঃচক্রায়নের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতির প্রতিবেদন **পরিশিষ্ট-জ** অনুযায়ী দাখিল করিবে; উল্লেখ্য যে, প্রতিবেদন প্রতি বছর দাখিল না করিলে নিবন্ধন নবায়ন করা হইবে না।

(৩) সংগ্রহ ও পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা বিষয়ক প্রতিবেদন দাখিলকালে অবলাইজড এনটিটিসমূহ পরিবেশক ও খুচরা বিক্রেতা কর্তৃক প্রদত্ত তথ্যের রেকর্ড সংযুক্ত করিবে।

(৪) যেইক্ষেত্রে কোনো অবলাইজড এনটিটি নির্ধারিত সংগ্রহ বা পুনঃচক্রায়নের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়, সেইক্ষেত্রে সেই অবলাইজড এনটিটি ব্যর্থ হইবার কারণ ব্যাখ্যাসহ এবং ভবিষ্যতে লক্ষ্যমাত্রা অর্জনের কর্মপরিকল্পনাসহ একটি প্রতিবেদন (সারণি জ-৬, পরিশিষ্ট-জ) পরিবেশ অধিদপ্তরে দাখিল করিবে এবং পরিবেশ অধিদপ্তর উক্ত প্রতিবেদন পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে ও নির্দেশনা প্রদান করিবে।

(৫) অনুমোদিত পুনঃচক্রায়নকারী পিআরওসমূহ কর্তৃক সরবরাহকৃত অবলিগেটেড প্লাস্টিক বর্জ্যের রেকর্ড সংরক্ষণ করিবে এবং পিআরওসমূহকে পুনঃচক্রায়ন সনদ প্রদান করিবে।

(৬) প্লাস্টিক বর্জ্যের সম্পূর্ণ পুনঃচক্রায়ন ও পুনঃব্যবহারের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর বিধি ১০(২) ও ১০(৩) অনুসারে পরিকল্পনা প্রণয়ন করিয়া জাতীয় সমন্বয় কমিটির নিকট দাখিল করিবে।

১৪। **অডিট, পর্যবেক্ষণ ও পরিদর্শন**।—(১) পরিবেশ অধিদপ্তর অবলাইজড এনটিটি ও পিআরওসমূহের ইপিআর কার্যক্রমের পরিদর্শন, নিরীক্ষা ও যাচাই করিবে এবং এইক্ষেত্রে অবলাইজড এনটিটি ও পিআরওসমূহ পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাহিত সকল তথ্যাদি সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(২) পরিবেশ অধিদপ্তর মাঠপর্যায়ে নিরীক্ষার মাধ্যমে অবলাইজড এনটিটি ও পিআরওসমূহের প্লাস্টিক সংগ্রহ, পুনঃচক্রায়ন, পরিত্যাজনের হার ও টেম্পার-প্রুফ বারকোড ব্যবহার ইত্যাদি যাচাই ও পর্যবেক্ষণ করিবে।

(৩) অবলাইজড এনটিটি ও পিআরওসমূহ অসত্য তথ্য বা বিকৃত তথ্য দাখিল করিলে, পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় নোটিশ প্রদান করিয়া, শুনানি সাপেক্ষে, কারণ লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট অবলাইজড এনটিটি বা পিআরও-এর কার্যক্রম স্থগিত, নিবন্ধন বা তালিকাভুক্তি বাতিল করিতে পারিবে এবং বিধি মোতাবেক অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**পরিশিষ্ট-ক**

**[অনুচ্ছেদ ৫(২) দ্রষ্টব্য]**

**অবলাইজড এনটিটি’র নিবন্ধন ফরম**

আর্থিক বছর: ১ জুলাই......... থেকে ৩০ জুন.........

বরাবর,
মহাপরিচালক,
পরিবেশ অধিদপ্তর, ঢাকা

বিষয়ঃ অবলাইজড এনটিটি হিসাবে নিবন্ধনের আবেদন

১. প্রতিষ্ঠানের নাম:

২. প্রতিষ্ঠানের ধরন (আন্তর্জাতিক/স্থানীয়):

৩. যোগাযোগকারী ব্যক্তির বিবরণ:

- নাম:
- পদবি:
- মোবাইল:
- ইমেইল:

৪. বাংলাদেশে প্রধান কার্যালয়:

৫. সরকারি মেইলিং ঠিকানা:

৬. বাংলাদেশে মোট কর্মচারী:

৭. আপনার নিজস্ব পুনচক্রায়নযোগ্য কারখানা আছে কি (হ্যাঁ/না):

৮. প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও পুনঃচক্রায়নের জন্য আপনার কোনো এনজিও/সিবিও-এর সাথে অংশীদারিত্ব আছে কি (হ্যাঁ/না):

৯. যদি হ্যাঁ হয়, তাহলে সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিয়া বিস্তারিত বিবরণ প্রদান করুন

১০. বিক্রিত প্লাস্টিক আইটেম এবং প্লাস্টিক প্যাকেজিং উপকরণের ধরন (খাদ্য/অ-খাদ্য/উভয়):

১১. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট: (১) ট্রেড লাইসেন্স (২) টিআইএন (TIN) (৩) বিআইএন (BIN) (৪) ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (VAT) (৫) কোম্পানি রেজিস্ট্রেশন নম্বর (৬) আমদানি নিবন্ধন সনদ (৭) পরিবেশ ছাড়পত্র সনদ (ইসিসি) (৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্লাস্টিক উৎপাদন সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ সারণি ক-১ এবং পূরণকৃত পরিশিষ্ট-খ

সারণি ক- ১: অবলাইজড এনটিটি'র প্লাস্টিক পণ্যের পরিমাণগত (টন/বৎসর) তথ্য

| শ্রেণি | প্লাস্টিক পণ্যের পরিমান | | | | | | প্লাস্টিক পণ্য ব্যবহারের পরিমাণ (টন/বৎসর) | | | | | | স্থানীয়ভাবে বিক্রি হওয়া অবলাইজড প্লাস্টিকের সংগ্রহ লক্ষ্যমাত্রা | | স্থানীয়ভাবে বিক্রিত অবলাইজড প্লাস্টিকের পুনঃচক্রায়নের লক্ষ্যমাত্রা | | স্থানীয়ভাবে বিক্রিত অবলাইজড প্লাস্টিকের পরিত্যাজনের লক্ষ্যমাত্রা | | মন্তব্য *যদি থাকে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | স্থানীয়ভাবে সংগৃহীত | | স্ব-উৎপাদিত | | আমদানিকৃত প্লাস্টিকের পরিমাণ | | স্থানীয়ভাবে বিক্রয় | | রপ্তানি | | মোট | | পরিমাণ | % | পরিমাণ | % | পরিমাণ | % | |
| | পরিমাণ | % | পরিমাণ | % | পরিমাণ | % | পরিমাণ | % | পরিমাণ | % | পরিমাণ | % | | | | | | | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>০ আইটেম ১<br>০ আইটেম ২<br>...... | | | | | | | | | | | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>০ আইটেম ১<br>০ আইটেম ২<br>...... | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে।

<u>অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর</u> <u>তারিখ</u>

**পরিশিষ্ট-খ**

**[অনুচ্ছেদ ৫(২) এবং ১১(১) দ্রষ্টব্য]**

**অবলাইজড এনটিটি'র কর্মপরিকল্পনা**

অর্থবছর: ১লা জুলাই ......... হইতে ৩০শে জুন .........

১. প্রতিষ্ঠানের নাম:

২. প্রতিষ্ঠানের ধরন (আন্তর্জাতিক/স্থানীয়):

৩. যোগাযোগকারী ব্যক্তির বিবরণ:

- নাম :
- পদবি :
- মোবাইল :
- ইমেইল :

৪. বাংলাদেশে প্রধান কার্যালয় :

৫. সরকারি মেইলিং ঠিকানা :

৬. নিয়োজিত পিআরও (সিঙ্গেল/ গ্রুপ):

পিআরও ১:

পিআরও ২:

.........

৭. বিস্তারিত কর্মপরিকল্পনা (সারণি খ-১, খ-২, খ-৩, খ-৪):

**সারণি খ-১: প্লাস্টিক পণ্যের পরিমান ও ব্যবহার সংক্রান্ত তথ্য**

| শ্রেণী | প্লাস্টিক পণ্যের পরিমান | | | | | | প্লাস্টিক ব্যবহারের পরিমাণ (টন/বৎসর ) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | স্থানীয়ভাবে সংগৃহীত | | স্ব-উৎপাদিত | | আমদানিকৃত প্লাস্টিকের পরিমাণ | | স্থানীয় বিক্রয় | | রপ্তানি | | মোট | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>আইটেম ১<br>আইটেম ২<br>……<br>…… | | | | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>আইটেম ১<br>আইটেম ২<br>……<br>……… | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

**সারণি খ-২: সংগ্রহের কৌশল**

| শ্রেণি | সংগ্রহের লক্ষ্যমাত্রা | সংগ্রহ প্রাপ্তি | | | | | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পিআরও (PRO) | | যৌথ উদ্যোগ | | অন্যান্য পদ্ধতি | | সর্বমোট সংগ্রহ | | |
| | | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……..<br>………… | | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>………… | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

**সারণি খ-৩: পুনঃচক্রায়নের কৌশল**

| শ্রেণি | পুনঃচক্রায়নের পরিমাণ | | | | | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নিজস্ব | | (MRF) | | অন্যান্য পদ্ধতি | | মোট পুনচক্রায়ন | | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……..<br>……..<br>চলবে… | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……..<br>……..<br>চলবে… | | | | | | | | | |
| **মোট (Grand Total)** | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*“(MRF) ম্যাটেরিয়ালস রিকভারি ফ্যাসিলিটি” অর্থ পুনঃচক্রায়নযোগ্য উপকরণ সংগ্রহ, বাছাই ও প্রক্রিয়াকরণের নিমিত্ত নির্মিত কেন্দ্র বা ফ্যাসিলিটি।

**যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

সারণি খ-৪: পরিত্যাজনের কর্মপরিকল্পনা

| শ্রেণি | পরিত্যাজনের পরিমাণ | | | | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পরিত্যাজনের লক্ষ্যমাত্রা | স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ল্যান্ডফিল্ড) | | অন্যান্য পদ্ধতি | | মোট পরিত্যাজন | | |
| | | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>........<br>.......... | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>........<br>.......... | | | | | | | | |
| মোট (Grand Total) | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

<u>অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর</u> <u>তারিখ</u>

**পরিশিষ্ট-গ**

**[অনুচ্ছেদ ৫(৪) দ্রষ্টব্য]**

**অবলাইজড এনটিটি'র নিবন্ধন নবায়ন ফরম**

আর্থিক বছর: ১ জুলাই......... থেকে ৩০ জুন.........

বরাবর,

মহাপরিচালক,

পরিবেশ অধিদপ্তর, ঢাকা

বিষয়ঃ অবলাইজড এনটিটি'র নিবন্ধন নবায়নের আবেদন

১.নাম:

২. যোগাযোগকারী ব্যক্তির বিস্তারিত:

- নাম:
- পদবি:
- মোবাইল নং:
- ইমেইল:

৩.বাংলাদেশে হেড অফিসের ঠিকানা:

৪. অফিসের ইমেইল:

৫. মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা (বাংলাদেশে):

৬.কর্মক্ষেত্র:

৭.সম্পর্কিত সংস্থা/ ব্র্যান্ড/ আমদানিকারক/ উৎপাদনকারী:

৮. নিজস্ব পুনঃচক্রায়ন প্ল্যান্ট/ recycling plant আছে (হ্যা/না):

৯.আপনার কি প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও পুনঃচক্রায়নের জন্য কোনো এনজিও/সিএমও-এর সাথে অংশীদারিত্ব আছে (হ্যাঁ/না)?

- **যদি হ্যাঁ হয়, তাহলে প্রয়োজনীয় তথ্য সংযুক্তি সহ বিস্তারিত বিবরণ প্রদান করুন।**
- বিক্রিত প্লাস্টিক আইটেম এবং প্লাস্টিক প্যাকেজিং উপকরণের ধরন (খাদ্য/অ-খাদ্য/উভয়):
- নিবন্ধনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট: (১) ট্রেড লাইসেন্স, (২) টিআইএন (TIN), (৩) বিআইএন (BIN), (৪) ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর, (৫) কোম্পানি রেজিস্ট্রেশন নম্বর, (৬) আমদানি নিবন্ধন সনদ, (৭) পরিবেশ ছাড়পত্র সনদ (ইসিসি), (৮) পূরণকৃত পরিশিষ্ট-খ, (৯) পূরণকৃত ৩ বৎসরের পরিশিষ্ট-জ মোতাবেক প্রদেয় প্রতিবেদন

**পরিশিষ্ট-ঘ**

**[অনুচ্ছেদ ৭(২) দ্রষ্টব্য]**

**পিআরও (PRO) তালিকাভুক্তির ফরম**

বরাবর,
মহাপরিচালক,
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
বিষয়ঃ পিআরও (PRO) হিসাবে তালিকাভুক্তির আবেদন

| ক্রমিক নং. | বিষয়বস্তু | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের বিবরণ | প্রতিষ্ঠানের নাম: |
| | | স্থানীয়/আন্তর্জাতিক: |
| | | ঠিকানা: |
| | | প্রতিষ্ঠানের জনবল কাঠামো |
| | | অনুমোদিত ব্যক্তির নাম ( সকল প্রকার দাপ্তরিক যোগাযোগের জন্য): |
| | | যোগাযোগ নম্বর: |
| | | ইমেইল |
| | | টেলিফোন নম্বর: |
| ২ | ট্রেড লাইসেন্স/ অন্যান্য নিবন্ধন | |
| ৩ | ইপিআর নির্দেশিকা বাস্তবায়নে অন্যান্য অংশীদারদের বিবরণ | |
| ৪ | উদ্দেশ্য/কর্ম ক্ষমতার বিবরণ | সংক্ষেপে আপনার প্রতিষ্ঠানের বিবরণ উল্লেখ করুন। আপনার সেবা সমূহের ধরন ও পরিমাণ ও কার্যকারিতা সম্পর্কে ব্যাখ্যা করুন। (সর্বোচ্চ ৫০০ শব্দ) |
| ৫ | বিগত দুই বৎসরে সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | |

| ক্রমিক নং. | বিষয়বস্তু | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ৬ | চলমান কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রদান করুন | |
| ৭ | বর্জ্য ব্যবস্থাপনায় আপনার প্রতিষ্ঠানের উত্তম চর্চার (Best Practice) উদাহরণ | |
| ৮ | যেসব জেলা/বিভাগসমূহে সেবা প্রদান করা হইয়াছে | |
| ৯ | স্বজন নহে এমন দুজন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহার মধ্যে একটি Reference সেবা গ্রহীতা হইবে | |
| ১০ | প্রয়োজনীয় সংযুক্ত নথিপত্র: (আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে)<br>ক. বিশেষজ্ঞ/ব্যক্তির জীবনবৃত্তান্ত (CV)<br>খ. কর্মপদ্ধতি সংক্রান্ত বিবরণ:<br>● সংগ্রহ প্রক্রিয়া<br>● পুনঃচক্রায়ন প্রক্রিয়া<br>● পরিত্যজন প্রক্রিয়া | |
| ১১ | পরিশিষ্ট খ সম্পাদনের যোগ্যতা ও সামর্থ্য বিষয়ক প্রমাণক পৃথক কাগজে সংযুক্ত করুন | |

_________________________

**অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর**

_______________

**তারিখ**

**পরিশিষ্ট-৬**

**[অনুচ্ছেদ ৭(৬) দ্রষ্টব্য]**

**পিআরও (PRO) তালিকাভুক্তি নবায়ন ফরম**

অর্থবছর: ১ জুলাই......... থেকে ৩০ জুন.........

বরাবর,
মহাপরিচালক,
পরিবেশ অধিদপ্তর, ঢাকা

বিষয়ঃ পিআরও (PRO) হিসাবে তালিকাভুক্তি নবায়নের আবেদন

| **ক্রমিক নং.** | **বিষয়বস্তু** | **বিস্তারিত তথ্য** |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের বিবরণ | প্রতিষ্ঠানের নাম: |
| | | স্থানীয়/আন্তর্জাতিক: |
| | | ঠিকানা: |
| | | প্রতিষ্ঠানের জনবল কাঠামো: |
| | | অনুমোদিত ব্যক্তির নাম ( সকল প্রকার দাপ্তরিক যোগাযোগের জন্য): |
| | | যোগাযোগ নম্বর: |
| | | ইমেইল |
| | | টেলিফোন নম্বর: |
| ২ | ট্রেড লাইসেন্স/ অন্যান্য নিবন্ধন | |
| ৩ | ইপিআর নির্দেশিকা বাস্তবায়নে অন্যান্য অংশীদারদের বিবরণ | |
| ৪ | উদ্দেশ্য/কর্ম ক্ষমতাহার বিবরণ | সংক্ষেপে আপনার প্রতিষ্ঠানের বিবরণ উল্লেখ করুন। আপনার সেবা সমূহের ধরন ও পরিমাণ ও কার্যকারিতা সম্পর্কে ব্যাখ্যা করুন। (সর্বোচ্চ ৫০০ শব্দ) |

| ক্রমিক নং. | বিষয়বস্তু | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ৫ | বিগত দুই বৎসরে সম্পাদিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ (পরিশিষ্ট-জ অনুযায়ী প্রতিবেদন দাখিল করিতে হইবে) | |
| ৬ | চলমান কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রদান করুন | |
| ৭ | বর্জ্য ব্যবস্থাপনায় আপনার প্রতিষ্ঠানের উত্তম চর্চার (Best Practice) উদাহরণ | |
| ৮ | যেসব জেলা/বিভাগসমূহে সেবা প্রদান করা হইয়াছে | |
| ৯ | স্বজন নহে এমন দুজন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহার মধ্যে একটি Reference সেবা গ্রহীতা হইবে | |
| ১০ | প্রয়োজনীয় সংযুক্ত নথিপত্র: (আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে)<br>ক. বিশেষজ্ঞ/ব্যক্তির জীবনবৃত্তান্ত (CV)<br>খ. কর্মপদ্ধতি সংক্রান্ত বিবরণ:<br>● সংগ্রহ প্রক্রিয়া<br>● পুনঃচক্রায়ন প্রক্রিয়া<br>● পরিত্যজন প্রক্রিয়া | |
| ১১ | পরিশিষ্ট-ঙ মোতাবেক যোগ্যতা ও সামর্থ্য বিষয়ক প্রমাণক পৃথক কাগজে সংযুক্ত করুন | |
| ১২ | পরিশিষ্ট-ছ মোতাবেক ২ বৎসরের প্রতিবেদন | |

**পরিশিষ্ট-চ**

**[অনুচ্ছেদ ১২(১) দ্রষ্টব্য]**

**অবলাইজড এনটিটি'র জন্য সম্ভাব্য ইপিআর প্রকল্প তহবিল নির্ধারণের পদ্ধতি**

| **ধরণ*** | **পদ্ধতি** | **মন্তব্য** |
| --- | --- | --- |
| **ইপিআর প্রকল্প তহবিল (পিআরও কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত ব্যয়)** | ইপিআর প্রকল্প তহবিল নির্ধারণের সমীকরণ:<br>F= R x V x Fs<br>▪ F= R × V × Fs<br>▪ F: ইপিআর প্রকল্প তহবিল<br>▪ R: বাধ্যতামূলক পুনঃচক্রায়ন হার<br>V: স্থানীয়ভাবে বিক্রিত অবলিগেটেড প্লাস্টিকের পরিমাণ<br>▪ Fs: পরিবেশসম্মত প্লাস্টিক বর্জ্য সংগ্রহ, পুনঃচক্রায়ন, ও অন্যান্য লজিস্টিকসসহ পরিত্যাজন ব্যয় | অবলাইজড এনটিটি কর্তৃক ইপিআর প্রকল্প তহবিল গণনা করা আবশ্যক। উক্ত তহবিল পিআরও (PRO)-দের দ্বারা প্রয়োজনবোধে ব্যবহৃত হইবে। সরকার কর্তৃক অনুমোদন সাপেক্ষে, পরিবেশ অধিদপ্তর ইপিআর প্রকল্প তহবিল সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা প্রণয়ন করিতে পারিবে। |

**উদাহরণ ১:**

একটি অবলাইজড এনটিটি স্থানীয়ভাবে ১০০ ইউনিট অবলিগেটেড প্লাস্টিক বিক্রয় করিয়াছে এবং ১৫% বাধ্যতামূলক পুনর্ব্যবহার হার গ্রহণ করিয়াছে। এক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিতে ফি নির্ধারণ হইবে-

বাধ্যতামূলক পুনর্ব্যবহার হার (R) = ০.১৫ (১৫%)

অবলিগেটেড প্লাস্টিকের বিক্রিত পরিমাণ (V) = ১০০ ইউনিট

পরিবেশসম্মত প্লাস্টিক বর্জ্য সংগ্রহ, পুনঃচক্রায়ন, ও অন্যান্য লজিস্টিকসসহ পরিত্যাজন ব্যয় (Fs) = প্রতি ইউনিট ৫ টাকা

অতএব, সমীকরণ অনুযায়ী—

F = R × V × Fs

= ০.১৫ × ১০০ × ৫

= ৭৫ টাকা

অতএব, ইপিআর প্রকল্প ফি-৭৫ টাকা হইবে।

**পরিশিষ্ট-ছ**
**[অনুচ্ছেদ ১৩(১) দ্রষ্টব্য]**

## পিআরও (PRO)-এর প্রতিবেদন

অর্থবছর: ১ জুলাই ......... হইতে ৩০ জুন ......

তালিকাভুক্তি নম্বর:

১.নাম:

২.পদবিসহ যোগাযোগকারী ব্যক্তির নাম:

৩.টেলিফোন:

৪.ইমেইল:

৫.অফিসের ঠিকানা:

৬.সম্পর্কিত সংস্থা/ ব্র্যান্ড/ আমদানিকারক/ উৎপাদনকারী:

৭. বিস্তারিত প্রতিবেদন (সারণি ছ-১, ছ-২, ছ-৩, ছ-৪, ছ-৫, ছ-৬):

**সারণি ছ-১: আইটেমভিত্তিক সংগ্রহ প্রতিবেদন (প্রত্যেক অবলাইজড এনটিটি'র জন্য পৃথক প্রতিবেদন)**

| শ্রেণি/ বিভাগ | সংগ্রহের পরিমাণ | | | | | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সহিত যৌথ উদ্যোগ | | স্ব-সংগ্রহ | | অন্যান্য পদ্ধতি (যেমন: তৃতীয় পক্ষ/ অনানুষ্ঠানিক/ অ- অনুমোদিত সংগ্রহ) | | মোট সংগ্রহ | | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ ((টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……… | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……… | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক নথিপত্র সংযুক্ত করিতে হইবে।

সারণি ছ-২: সংগ্রহের সংক্ষিপ্ত প্রতিবেদন/ রিপোর্ট

| ক্রমিক নং | অবলাইজড এনটিটি নাম | সংগ্রহ (টন/বছর) | সংগ্রহ (%) |
|---|---|---|---|
| ১ | | শ্রেণি ১:<br>শ্রেণি ২:<br>শ্রেণি ৩:<br>শ্রেণি ৪:<br>শ্রেণি ৫: | শ্রেণি ১:<br>শ্রেণি ২:<br>শ্রেণি ৩:<br>শ্রেণি ৪:<br>শ্রেণি ৫: |
| মোট (Total) | | | |

**সারণি ছ-৩: আইটেমভিত্তিক পুনঃচক্রায়নের প্রতিবেদন (প্রত্যেক অবলাইজড এনটিটি'র জন্য পৃথক প্রতিবেদন)**

| শ্রেণি | পুনঃচক্রায়নের পরিমাণ | | | | | | | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | স্থানীয় সরকার প্রতিষ্ঠান (MRF)* | | অনুমোদিত পুনচক্রায়নকারী | | অ-প্রাতিষ্ঠানিক পুনঃচক্রায়নকারী | | অন্যান্য পদ্ধতি | | মোট পুনচক্রায়ন | | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……<br>… | | | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……<br>… | | | | | | | | | | | |
| **মোট (Grand Total)** | | | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*"(MRF) ম্যাটেরিয়ালস রিকভারি ফ্যাসিলিটি" অর্থ পুনঃচক্রায়নযোগ্য উপকরণ সংগ্রহ, বাছাই ও প্রক্রিয়াকরণের নিমিত্ত নির্মিত কেন্দ্র বা ফ্যাসিলিটি।

**যাচাইয়ের জন্য সহায়ক নথিপত্র সংযুক্ত করিতে হইবে।

**সারণি ছ-৪: পুনঃচক্রায়নের সংক্ষিপ্ত প্রতিবেদন/ রিপোর্ট**

| ক্রমিক নং | অবলাইজড এনটিটি'র নাম | পুনঃচক্রায়ন (টন/বৎসর) | পুনঃচক্রায়ন (%) |
|---|---|---|---|
| ১ | | শ্রেণি ১:<br>শ্রেণি ২:<br>শ্রেণি ৩:<br>শ্রেণি ৪:<br>শ্রেণি ৫: | শ্রেণি ১:<br>শ্রেণি ২:<br>শ্রেণি ৩:<br>শ্রেণি ৪:<br>শ্রেণি ৫: |
| মোট (Total) | | | |

সারণি ছ-৫: আইটেমভিত্তিক পরিত্যাজনের প্রতিবেদন (প্রত্যেক অবলাইজড এনটিটি'র জন্য পৃথক প্রতিবেদন)

| শ্রেণি | পরিত্যাজনের পরিমাণ | | | | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
|---|---|---|---|---|---|
| | স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ল্যান্ডফিল) | | অন্যান্য | | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……… | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……….... | | | | | |
| মোট (Grand Total) | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*(যাচাইয়ের জন্য সহায়ক নথিপত্র সংযুক্ত করিতে হইবে।)

সারণি ছ-৬: পরিত্যাজনের সংক্ষিপ্ত প্রতিবেদন/ রিপোর্ট

| ক্রমিক নং | অবলাইজড এনটিটি'র নাম | পরিত্যাজন (টন/বছর) | পরিত্যাজন (%) |
| --- | --- | --- | --- |
| ১ | | | |
| মোট (Total) | | | |

অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর

তারিখ

**পরিশিষ্ট-জ**

**[অনুচ্ছেদ ১৩(২) দ্রষ্টব্য]**

**অবলাইজড এনটিটি কর্তৃক প্রদেয় প্রতিবেদন**

আর্থিক বছর: ১ জুলাই......... থেকে ৩০ জুন.........

১.প্রতিষ্ঠানের নাম:

২.ইপিআর নিবন্ধন আইডি:

৩.পিআরও ধরন (একক/দলীয়):

৪. নিয়োজিত পিআরও তথ্য:

- পিআরও ১:
- পিআরও ২:
- .........
- .........
- .........

৫. সহযোগী স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

৬. সংগ্রহ লক্ষ্যমাত্রা (%):

৭. পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা (%):

৮. বাধ্যতামূলক আর্থিক অবদান (পরিশিষ্ট-খ অনুযায়ী):

৯.বিস্তারিত প্রতিবেদন (সারণি জ-১, জ-২, জ-৩, জ-৪, জ-৫, জ-৬):

**সারণি জ-১: উৎপাদন ও ব্যবহার**

| শ্রেণি | প্লাস্টিক পণ্যের পরিমাণ | | | | | | প্লাস্টিক ব্যবহারের পরিমাণ (টন/ বৎসর) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | স্থানীয়ভাবে সংগৃহীত | | স্ব-উৎপাদিত | | আমদানিকৃত প্লাস্টিকের পরিমাণ | | স্থানীয় বিক্রয় | | রপ্তানি | | মোট | |
| | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % | পরিমাণ (টন/বৎসর) | % |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>...... | | | | | | | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>...... | | | | | | | | | | | | |
| মোট (Grand Total) | | | | | | | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

**সারণি জ-২: সংগ্রহণ লক্ষ্যমাত্রা এবং অর্জিত লক্ষ্যমাত্রার পদ্ধতিসমূহ**

| শ্রেণি | সংগ্রহণ লক্ষ্যমাত্রা (%) | অর্জন/ অর্জিত লক্ষ্যমাত্রা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পিআরও (%) | যৌথ উদ্যোগ (%) | অন্যান্য পদ্ধতি (%) | মোট (%) | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
| | | | | | | |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>…… | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>…… | | | | | | |
| মোট (Grand Total) | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

**সারণি জ-৩: পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা এবং অর্জিত লক্ষ্যমাত্রা অর্জনের পদ্ধতিসমূহ**

| শ্রেণি | পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা (%) | অর্জন | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | PRO (%) | যৌথ উদ্যোগ (%) | অন্যান্য পদ্ধতি (%) | মোট (%) | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
| শ্রেণি/বিভাগ ১: কঠিন প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>…… | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২: নমনীয় প্লাস্টিক<br>◦ আইটেম ১<br>◦ আইটেম ২<br>…… | | | | | | |
| মোট (Grand Total) | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

**সারণি জ-৪: পরিত্যাজন লক্ষ্যমাত্রা এবং অর্জিত লক্ষ্যমাত্রা অর্জনের পদ্ধতি**

| **শ্রেণি** | **পরিত্যাজনের লক্ষ্যমাত্রা (%)** | **অর্জন** | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | **PRO (%)** | **যৌথ উদ্যোগ (%)** | **অন্যান্য পদ্ধতি (%)** | **মোট (%)** | দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ের মাধ্যম* |
| শ্রেণি/বিভাগ ১:<br>কঠিন প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……… | | | | | | |
| শ্রেণি/ বিভাগ ২:<br>নমনীয় প্লাস্টিক<br>○ আইটেম ১<br>○ আইটেম ২<br>……… | | | | | | |
| মোট (Grand Total) | | | | | | |

অন্যান্য সকল শ্রেণির জন্য প্রযোজ্য হইবে।

*যাচাইয়ের জন্য সহায়ক ডকুমেন্ট সংযুক্ত করিতে হইবে, সংযুক্ত ডকুমেন্টে পরিসংখ্যান প্রদর্শন করুন।

সারণি জ-৫: প্রতিবন্ধকতা/ চ্যালেঞ্জসমূহ এবং অবলাইজড এনটিটি’র পরামর্শ/ প্রস্তাবনা

| শ্রেণি | চ্যালেঞ্জসমূহ | প্রস্তাবনা |
|---|---|---|
| শ্রেণি ১ | | |
| শ্রেণি ২ | | |
| শ্রেণি ৩ | | |
| শ্রেণি ৪ | | |
| শ্রেণি ৫ | | |

সারণি জ-৬: নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণসমূহ*

| | |
|---|---|
| **সরকার কর্তৃক নির্ধারিত সংগ্রহ লক্ষ্যমাত্রা (%)** | |
| **অবলাইজড এনটিটি কর্তৃক অর্জিত সংগ্রহ হার (%)** | |
| **সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার কারণসমূহ** | a.<br>b.<br>c. |
| **সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ভবিষ্যৎ কর্মপন্থা** | a.<br>b.<br>c. |
| **সরকার কর্তৃক নির্ধারিত পুনঃচক্রায়নের লক্ষ্যমাত্রা (%)** | |
| **অবলাইজড এনটিটি কর্তৃক অর্জিত পুনঃচক্রায়নের হার (%)** | |
| **পুনঃচক্রায়নের লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার কারণসমূহ** | a.<br>b.<br>c. |
| **পুনঃচক্রায়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ভবিষ্যৎ কর্মপন্থা** | a.<br>b.<br>c |

**অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর** **তারিখ**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফাহমিদা খানম**
ভারপ্রাপ্ত সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd